জিহাদের বরকতময় কাফেলার
যুবকদের প্রতি পরামর্শ

শাইখ আবু আবদুর রহমান মাহাদ ওয়ারসামি
(হাফিজাহুল্লাহ)

তৃতীয় পরামর্শ
মুখলিস হতে কঠোর চেষ্টা করুন

১৪৪২ হি. / ২০২১

জিহাদের বরকতময় কাফেলার

যুবকদের প্রতি পরামর্শ

তৃতীয় পরামর্শ

মুখলিস হতে কঠোর চেষ্টা করুন

মূল

শাইখ আবু আবদুর রহমান মাহাদ ওয়ারসামি
(হাফিজাহুল্লাহ)

অনুবাদ

আবদুল্লাহ আহসান

সম্পাদনা

আবদুল্লাহ মানসুর

তৃতীয় উপদেশ: মুখলিস হতে কঠোর চেষ্টা করুন

وَمَن يُهَاجِرْ فِي سَبِيلِ اللَّهِ يَجِدْ فِي الْأَرْضِ مُرَاغَمًا كَثِيرًا وَسَعَةً ۚ وَمَن يَخْرُجْ مِن بَيْتِهِ مُهَاجِرًا إِلَى اللَّهِ وَرَسُولِهِ ثُمَّ يُدْرِكْهُ الْمَوْتُ فَقَدْ وَقَعَ أَجْرُهُ عَلَى اللَّهِ ۗ وَكَانَ اللَّهُ غَفُورًا رَّحِيمًا ﴿١٠٠﴾

"যে কেউ আল্লাহর পথে দেশত্যাগ করে, সে এর বিনিময়ে প্রশস্ত স্থান ও সচ্ছলতা প্রাপ্ত হবে। যে কেউ নিজ গৃহ থেকে বের হয় আল্লাহ ও রসূলের প্রতি হিজরত করার উদ্দেশে, অতঃপর মৃত্যুমুখে পতিত হয়, তবে তার সওয়াব আল্লাহর কাছে অবধারিত হয়ে যায়। আল্লাহ ক্ষমাশীল, করুণাময়।" [সূরা নিসা : ১০০]

মুখলিস হতে কঠোর চেষ্টা করুন

قُلْ إِنَّ صَلَاتِي وَنُسُكِي وَمَحْيَايَ وَمَمَاتِي لِلَّهِ رَبِّ الْعَالَمِينَ ﴿﴾ لَا شَرِيكَ لَهُ ۖ وَبِذَٰلِكَ أُمِرْتُ وَأَنَا أَوَّلُ الْمُسْلِمِينَ ﴿﴾

"বলুন, নিঃসন্দেহে আমার নামায, আমার কুরবানি, আমার জীবন ও আমার মরণ, সমস্ত বিশ্বজগতের রব আল্লাহ্‌র জন্য। কোনো শরিক নেই তাঁর। আর এভাবেই আমি আদিষ্ট হয়েছি, আর আমি প্রথম আনুগত্যশীল।" [সূরা আন'আম : ১৬২, ১৬৩]

মুজাহিদ ভাইদের প্রতি আমার তৃতীয় উপদেশ হলো, সবসময় আল্লাহর প্রতি ইখলাস বজায় রাখবেন যেন আপনার আমল কেবলই আল্লাহর জন্য হয়। আপনার জিহাদের উদ্দেশ্য হতে হবে আল্লাহর বাণীকে সমুন্নত রাখা। দুনিয়ার বিষয়াদির ওপর দ্বীনকে প্রাধান্য দিবেন। তাছাড়া দুনিয়ার কোনো কিছু পেতে দ্বীনকে ব্যবহার করবেন না।

প্রিয় ভাই, আপনাকে শয়তানের কুমন্ত্রণা-ফাঁদ সম্পর্কে সজাগ থাকার উপদেশ দিচ্ছি। কারণ এই কুমন্ত্রণা আপনার জিহাদকে দূষিত করতে পারে, অনিষ্ট ডেকে আনতে পারে। এসব কুমন্ত্রণার মধ্যে আছে: রিয়া (সুনাম-খ্যাতির তালাশ), সুম'আ (মানুষকে শোনানোর জন্য), যিকর (আপনাকে নিয়ে মানুষ কথা বলবে, এই কামনা), শারাফ (মানুষের চোখে সামাজিক মর্যাদা অর্জনের আকাঙ্ক্ষা)। প্রিয় মুজাহিদ ভাই, শয়তানের প্রলোভন-প্ররোচনা থেকে বাঁচতে বেশি বেশি মেহনত করুন। শয়তান এবং তার চক্রান্ত থেকে মহান আল্লাহর আশ্রয় প্রার্থনা করুন।

আল্লাহ বলেছেন,

وَإِمَّا يَنزَغَنَّكَ مِنَ الشَّيْطَانِ نَزْغٌ فَاسْتَعِذْ بِاللَّهِ ۚ إِنَّهُ سَمِيعٌ عَلِيمٌ ﴿٢٠٠﴾

"আর যদি শয়তানের প্ররোচনা তোমাকে প্ররোচিত করে, তাহলে আল্লাহর শরণাপন্ন হও; তিনিই শ্রবণকারী, মহাজ্ঞানী।" **[সূরা আরাফ : ২০০]**

আবু মুসা আল আশ'আরি রাদিয়াল্লাহু আনহু বর্ণনা করেছেন, এক ব্যক্তি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কাছে এসে বললেন,"একজন মানুষ জিহাদ করে গনিমত লাভের জন্য, আরেকজন করে খ্যাতির জন্য এবং অন্য কেউ করে বীরত্ব দেখানোর জন্য। কোনটিকে জিহাদ বিবেচনা করা হবে?" রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম জবাবে বলেন, "যে ব্যক্তি আল্লাহর বাণী সমুন্নত রাখতে জিহাদ করে, সে-ই আল্লাহর রাস্তায় জিহাদ করে।"

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আরো বলেছেন, "দুটি নেকড়ে ভেড়ার পালে ছেড়ে দেয়ার চাইতে বেশি ধ্বংসাত্মক হচ্ছে দ্বীন থেকে মানুষের সুখ্যাতি-সম্মান লাভের খায়েশ।" হাদিসটি বর্ণিত হয়েছে আহমাদ, তিরমিযি এবং অন্যান্য গ্রন্থে।

কাজেই, প্রিয় ভাই, আড়ালে থাকা নেকড়ে থেকে আপনার অন্তরকে হেফাজত করুন। এমন ফিতনার মাঝে নিজেকে মেলে ধরবেন না, যা থেকে ফিরে আসার উপায় আপনার কাছে নেই।